REG. NO. C. 853

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ১৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।


লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

**রঞ্জন এণ্ড কোং**

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা
বড়বাজার।


১৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৪ঠা শ্রাবণ বুধবার ১৩৩৯ ইংরাজী 20th July 1932 | ১০ম সংখ্যা


# হিলিংবাম

গত ৩৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না বা অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৸৹

# স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা






শীতকালে হইতে হইবে ; এবং উহা চালাইতে হইলে ফলে তালিকায় বেশী নাম না উঠিলেও কয়েক মাস আগে হইতে বেশী পরিশ্রম করিতে হইবে। তৃতীয়তঃ, কমিটি বলেন যে মোটামুটি বলিতে গেলে দেশের সর্ব্বত্র সরকারী কর্ম্মচারী বা বে-সরকারী ব্যক্তিগণ এই প্রণালীর পক্ষে মত প্রকাশ করেন নাই এবং প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্ট ও প্রাদেশিক কমিটি এখন ইহার বিরুদ্ধে।

তারপর এই তর্কের আলোচনা হইয়াছে যে, আইনসভাগুলির উপর দায়িত্ব হস্তান্তর করিবার মুহূর্ত্তে ভোটাধিকারের পরিসর বৃদ্ধি করা সমীচীন হইবে না। কমিটি এই যুক্তির বিপক্ষে যে সকল কথা বলিয়াছেন তাহাতে বলা হইয়াছে যে, অধিকাংশ পল্লীবাসীব নির্ব্বাচন কি সে সম্বন্ধে জ্ঞান অতি সামান্য হইলেও এদেশে এখন রাজনীতি সম্বন্ধে যে উৎসাহ প্রকাশ করা হয় তাহা বহুব্যাপক ; বর্ত্তমানে যে ভোটাধিকার আছে তাহাতে কতকগুলি শ্রেণীকে প্রাধান্য দেওয়া হইয়াছে ; অনেক লিখনপঠনক্ষম ব্যক্তির নাম নির্ব্বাচকমণ্ডলীর তালিকায় নাই ; এবং যদিও নূতন ভোটারদের স্বার্থ পুরাতন ভোটারদের স্বার্থ হইতে বিভিন্ন তথাপি তাহারা বুদ্ধি বিবেচনা পূর্ব্বক ভোট দিতে বিশেষ অসমর্থ হইবে না ; এবং ভারতবর্ষে দায়িত্বসম্পন্ন শাসন স্থায়ী করিতে হইলে আইনসভাগুলিতে জনগণের প্রতিনিধি আরও বেশী থাকা উচিত। সুতরাং ভোটাধিকারের পরিসর যখন বৃদ্ধি করিতে হইবে এবং পূর্ণবয়স্কের ভোটাধিকার দেওয়া যখন অসম্ভব এবং পরোক্ষ নির্ব্বাচন প্রণালীর সুবিধা অপেক্ষা অসুবিধা যখন অনেক বেশী বলিয়া দেখা যায় সে ক্ষেত্রে কমিটি সিদ্ধান্ত করিতেছেন যে, সাক্ষাৎ নির্ব্বাচনের প্রসারই নূতন শাসন ব্যবস্থার অধীনে দায়িত্বসম্পন্ন শাসন প্রতিষ্ঠা করিবার সর্ব্বাপেক্ষা উত্তম ভিত্তি।

ক্রমশঃ।

---


## পুরাতন বিদূষক।

একত্রে এক বৎসরের বিদূষক সুন্দররূপে বাঁধান হইয়াছে। পাঠকগণকে আনন্দদান করিতে ইহা অদ্বিতীয়। দাম মাত্র ৷৷০ বার আনা।

প্রাপ্তিস্থান :—
"জঙ্গিপুর সংবাদ" অফিস,
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)


---

## নোটিশ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত করান যাইতেছে যে জঙ্গীপুর মুন্‌সেফী আদালতে বার-এসোসিয়েশনের নূতন নিয়ম অনুসারে আগামী ১৫ই জুলাই হইতে প্রতি নম্বর ওকালতনামা দাখিল সময়ে এক আনা হিসাবে অতিরিক্ত খরচা আদায় দিতে হইবে। উক্ত খরচা বার-লাইব্রেরীর উন্নতিকল্পে ও আইন নজীর ও কেতাবাদি খরিদ জন্য ব্যয় করা হইবে।

বিনীত—
শ্রীযোগীন্দ্রনারায়ণ দত্ত, উকিল,
সেক্রেটারী জঙ্গিপুর বার লাইব্রেরী
মুন্‌সেফী আদালত।

---


মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## সোণামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৷৷০ বার আনা।

## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আঃ শিশি ১৷/০ এক টাকা পাঁচ আনা

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)





শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন :—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেণ্টস্—
বসাক ফাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



## কোন অসুখই দুরারোগ্য নয়!

পেটেণ্ট ঔষধ সাধারণক্ষেত্রে কার্য্যকরী হইলেও নানাপ্রকার ঔষধ সেবনে রোগের অবস্থা জটিল হইলে আমাদের পেটেণ্ট ঔষধ বিশেষ ফলপ্রদ হইয়া থাকে।

### বসন্ত মালতী।

এই মনোহর গন্ধযুক্ত দ্রব্য ব্যবহারে মেচেতা, ব্রণ, ছুলি প্রভৃতি বিকৃত চিহ্ন বিদূরিত হইয়া মুখশ্রী সমুজ্জ্বল এবং বর্ণের উৎকর্ষ সম্পাদিত হয়।

এক শিশি ৷৷/০ আনা।

আয়ুর্ব্বেদ চিকিৎসাশাস্ত্রে ৫০ বৎসরের অধিক আমাদের বহুদর্শিতা আছে।

### নেত্রামৃত।

ইহা ব্যবহারে চক্ষু লাল হওয়া, করকর করা, বেদনা-বোধ, জল ও পিচুটী পড়া, পাতায় চুলকণা হওয়া, পাতা জুড়িয়া যাওয়া, ঝাপ্‌সা দেখা প্রভৃতি উপসর্গ প্রশমিত হয়।

এক শিশি ১৲ টাকা।

### দশনকান্তি চূর্ণ।

ইহা দ্বারা দন্তবেষ্টের স্ফীতি, বেদনা, কন্‌কনানি, রক্তপূষাদি স্রাব ত্বরায় নিবারিত হয়। ইহাতে মুখের দুর্গন্ধ দূর হয়।

এক প্যাকেট ৵০ আনা।
এক কৌটা ।০ আনা।
এক শিশি ৷৷০ আনা।

মফঃস্বলস্থ রোগিকে আমরা ডাকযোগে ব্যবস্থা দিয়া থাকি। রোগ বিবরণ গোপন রাখা হয়।

### ক্ষুধাবতী।

ইহা নিয়মিতরূপে সেবনে অগ্নিমান্দ্য, অজীর্ণ, অম্লপিত্ত ও শূল প্রভৃতি অচিরে বিনষ্ট হয়। ক্ষুধাবতী সেবনে ক্ষুধাবৃদ্ধি হইয়া শরীর হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ হয়।

এক শিশি ১৲ টাকা।

প্রত্যেক ঔষধ এক ডজন লইলে যথেষ্ট কমিশন দেওয়া হয়।

সি, কে, সেন
এণ্ড কোং লিঃ,
২৯ নং কলুটোলা—কলিকাতা।

